বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানি)
প্রধান কার্যালয়
বিরাসার, ব্রাহ্মণবাড়িয়া-৩৪০০

'গ্যাস জাতীয় সম্পদ। এর অপচয় রোধ করে জাতীয় দায়িত্ব পালন করুন'

'জ্বালানি নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার'

সূত্র নং- ২৮.১০.১২১৩.০৬৩.০৫.০০২.২০

তারিখঃ ২৭ জুলাই, ২০২০

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড (বিজিএফসিএল)-এ নিম্নবর্ণিত শূন্য পদসমূহে জনবল নিয়োগের লক্ষ্যে নিম্নলিখিত শর্ত পূরণ সাপেক্ষে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে অনলাইনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

ক্রমিক নং	পদের নাম	পদ সংখ্যা	বেতন স্কেল-২০১৫	ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা
১	সহকারী ব্যবস্থাপক (সাধারণ)	১০	টাঃ ২৩০০০-৫৫৪৭০	প্রথম শ্রেণিতে স্নাতকোত্তর অথবা দ্বিতীয় শ্রেণিতে স্নাতক সম্মানসহ দ্বিতীয় শ্রেণিতে স্নাতকোত্তর অথবা ৪ বছর মেয়াদী দ্বিতীয় শ্রেণির স্নাতক (সম্মান) ডিগ্রী। পরীক্ষাসমূহে ন্যূনতম ২টি প্রথম বিভাগ/শ্রেণি/সমমান থাকতে হবে এবং কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণি/সমমান গ্রহণযোগ্য নয়।
২	সহকারী ব্যবস্থাপক (অর্থ/হিসাব)	৮	টাঃ ২৩০০০-৫৫৪৭০	বাণিজ্যিক বিষয়ে প্রথম শ্রেণিতে স্নাতকোত্তর অথবা বাণিজ্যিক বিষয়ে দ্বিতীয় শ্রেণিতে স্নাতক সম্মানসহ দ্বিতীয় শ্রেণিতে স্নাতকোত্তর অথবা বাণিজ্যিক বিষয়ে ৪ বছর মেয়াদী দ্বিতীয় শ্রেণির স্নাতক (সম্মান) ডিগ্রী / সিএ অথবা আইসিএমএ (ইন্টারমিডিয়েট) /এমবিএ। পরীক্ষাসমূহে ন্যূনতম ২টি প্রথম বিভাগ/শ্রেণি/সমমান থাকতে হবে এবং কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণি/সমমান গ্রহণযোগ্য নয়।
৩	সহকারী ব্যবস্থাপক(মেকানিক্যাল)	১০	টাঃ ২৩০০০-৫৫৪৭০	সংশ্লিষ্ট বিষয়ে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী। পরীক্ষাসমূহে ন্যূনতম ২টি প্রথম বিভাগ/শ্রেণি/সমমান থাকতে হবে এবং কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণি/সমমান গ্রহণযোগ্য নয়।
৪	সহকারী ব্যবস্থাপক(কেমিক্যাল)	৩	টাঃ ২৩০০০-৫৫৪৭০	
৫	সহকারী ব্যবস্থাপক(ইলেকট্রিক্যাল)	৭	টাঃ ২৩০০০-৫৫৪৭০	
৬	সহকারী ব্যবস্থাপক(সিভিল)	২	টাঃ ২৩০০০-৫৫৪৭০	
৭	সহকারী ব্যবস্থাপক(ইনফরমেশন টেকনোলজি)	২	টাঃ ২৩০০০-৫৫৪৭০	
৮	সহকারী ব্যবস্থাপক(টেলিকম)	১	টাঃ ২৩০০০-৫৫৪৭০	
৯	সহকারী ব্যবস্থাপক(পেট্রোলিয়াম)	৪	টাঃ ২৩০০০-৫৫৪৭০	
১০	সহকারী ব্যবস্থাপক(ভূতত্ত্ব)	২	টাঃ ২৩০০০-৫৫৪৭০	সংশ্লিষ্ট বিষয়ে প্রথম শ্রেণিতে স্নাতকোত্তর অথবা দ্বিতীয় শ্রেণিতে স্নাতক সম্মানসহ দ্বিতীয় শ্রেণিতে স্নাতকোত্তর অথবা ৪ বছর মেয়াদী দ্বিতীয় শ্রেণির স্নাতক (সম্মান) ডিগ্রী। পরীক্ষাসমূহে ন্যূনতম ২টি প্রথম বিভাগ/শ্রেণি/সমমান থাকতে হবে এবং কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণি/সমমান গ্রহণযোগ্য নয়।
১১	মেডিকেল অফিসার	৪	টাঃ ২৩০০০-৫৫৪৭০	এমবিবিএস ডিগ্রী। পরীক্ষাসমূহে ন্যূনতম ২টি প্রথম বিভাগ/শ্রেণি/সমমান থাকতে হবে এবং কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণি/সমমান গ্রহণযোগ্য নয়।
১২	সহকারী কর্মকর্তা (সাধারণ)	৬	টাঃ ২২০০০-৫৩০৬০	দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর অথবা ন্যূনতম দ্বিতীয় শ্রেণি/সমমানের জিপিএ সহ ৪ বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রী। পরীক্ষাসমূহে ন্যূনতম ২টি প্রথম বিভাগ/শ্রেণি/সমমান থাকতে হবে এবং কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণি/সমমান গ্রহণযোগ্য নয়।
১৩	সহকারী কর্মকর্তা (অর্থ/হিসাব)	৩	টাঃ ২২০০০-৫৩০৬০	বাণিজ্যিক বিষয়ে দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর অথবা ন্যূনতম দ্বিতীয় শ্রেণি/সমমানের জিপিএ সহ বাণিজ্যিক বিষয়ে ৪ বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রী। পরীক্ষাসমূহে ন্যূনতম ২টি প্রথম বিভাগ/শ্রেণি/সমমান থাকতে হবে এবং কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণি/সমমান গ্রহণযোগ্য নয়।
১৪	সহকারী কারিগরী কর্মকর্তা (মেকানিক্যাল)	৪	টাঃ ২২০০০-৫৩০৬০	সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ডিগ্রী। পরীক্ষাসমূহে ন্যূনতম ২টি প্রথম বিভাগ/শ্রেণি/সমমান থাকতে হবে এবং কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণি/সমমান গ্রহণযোগ্য নয়।
১৫	সহকারী কারিগরী কর্মকর্তা (ইলেকট্রিক্যাল)	৪	টাঃ ২২০০০-৫৩০৬০	
১৬	সহকারী কারিগরী কর্মকর্তা (সিভিল)	৪	টাঃ ২২০০০-৫৩০৬০	
১৭	সহকারী কারিগরী কর্মকর্তা (পাওয়ার)	৪	টাঃ ২২০০০-৫৩০৬০	

শর্তাবলীঃ

১। আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলী:

ক) এই বিজ্ঞপ্তির অধীনে আগ্রহী প্রার্থীগণকে online-এ আবেদন করতে হবে। সে লক্ষ্যে http://bgfcl.teletalk.com.bd ওয়েব সাইটে লগ-ইন করলে একটি লিংক পাওয়া যাবে। ঐ লিংকে প্রবেশ করে সংশ্লিষ্ট নির্দেশনা মোতাবেক online-এ আবেদনপত্র পূরণ করতে হবে। আবেদনের সময়সীমা নিম্নরূপঃ

(১) Online -এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখঃ ১৭-০৮-২০২০, সকাল ১০.০০ ঘটিকা।
(২) Online -এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখঃ ১২-১০-২০২০, বিকাল ৫.০০ ঘটিকা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ) Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৮০ pixel, File size maximum 60 kb) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৩০০ pixel, File size maximum 100 kb) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ) যেহেতু online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন। পুনঃ পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে বা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে বা বিজ্ঞপ্তিতে চাওয়া যোগ্যতার সাথে অসামঞ্জস্যপূর্ণ কোন তথ্য দাখিল করা হলে বা বিজ্ঞপ্তির নির্দেশনা লঙ্ঘন পূর্বক কোন আবেদন পাওয়া গেলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা নিয়োগের যে কোনো পর্যায়ে বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

ঘ) প্রার্থী online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

ঙ) **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদানঃ** online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মত ছবি এবং Signature upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit কারী প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। সকল পদের জন্য মোট ৫৬০/- (পাঁচশত ষাট) টাকা [পরীক্ষার ফি ৫০০/- এবং টেলিটকের সার্ভিস চার্জ ৬০/- টাকা] অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন।

বিশেষভাবে উল্লেখ্য, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

প্রথম SMS : BGFCL <space> User ID লিখে 16222 নম্বরে Send করতে হবে।
Example: BGFCL ABCDEF
Reply: Applicant's Name, Tk.560 will be charged as application fee, Your PIN is 123456789. To pay fee Type BGFCL <Space>YES<Space>PIN and send to 16222।

দ্বিতীয় SMS: BGFCL <Space>YES<Space>PIN লিখে 16222 নম্বরে Send করতে হবে।
Example: BGFCL YES 123456789
Reply: Congratulations! Applicant's Name, payment completed successfully for examination fee. User ID is (xxxxx) and Password (xxxxxx)

দ্বিতীয় SMS টি পাঠানোর পর ফিরতি SMS এর Password পাবেন। এই Password টি Admit Card (প্রবেশ পত্র) Download-এর জন্য প্রার্থী সংরক্ষণ করবেন।

চ) প্রবেশ পত্র প্রাপ্তির বিষয়টি http://bgfcl.teletalk.com.bd ওয়েব সাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS Read করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময়, ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশ পত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙ্গিন) করার মাধ্যমে সংগ্রহ করতে পারবেন। প্রার্থী এই প্রবেশ পত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন। Admit card (প্রবেশ পত্র) Download এর তারিখ পরবর্তীতে SMS এর মাধ্যমে জানানো হবে।

জ) শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং PIN পুনরুদ্ধার করতে পারবেনঃ

১) User ID জানা থাকলে BGFCL<space>Help<space>User<space>User ID & Send to 16222. (Example: BGFCL Help User ABCDEF & Send to 16222)

২) PIN Number জানা থাকলে BGFCL<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222. (Example: BGFCL Help PIN 12345678 & Send to 16222)

ঝ) Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে অথবা যে কোন অপারেটরের ফোন থেকে ০১৫০০১২১১২১ নম্বরে কল করুন। এছাড়া vas.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে।

২। লিখিত ও মৌখিক পরীক্ষার নোটিশ প্রার্থীর প্রদত্ত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে জানানো হবে এবং বিজিএফসিএল এর ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

৩। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় আবেদন ফরমে বর্ণিত সকল তথ্যের স্বপক্ষে দলিলাদি/মূল সনদপত্র কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করতে হবে।

৪। আবেদনের শেষ তারিখ অর্থাৎ ১২-১০-২০২০ তারিখে প্রার্থীর বয়সসীমা সর্বোচ্চ ৩০ বছর হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা, প্রতিবন্ধী প্রার্থী এবং মেডিকেল অফিসার পদের প্রার্থীদের সর্বোচ্চ ৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে স্বীকৃত শিক্ষাবোর্ড কর্তৃক প্রদত্ত এসএসসি/সমমান সনদ-এ উল্লেখিত জন্ম তারিখ হিসেবে গণ্য হবে, কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৫। সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র প্রদর্শন করতে হবে।

৬। একজন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবেন না।

৭। শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে বিভিন্ন শ্রেণি বা বিভাগ এর পাশাপাশি সমমানের জিপিএ/সিজিপিএ এর সামঞ্জস্য বিধান বা রূপান্তরের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন ও বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের নীতিমালা অনুসৃত হবে।

৮। কোন প্রার্থীর বিদেশ হতে অর্জিত ডিগ্রির ক্ষেত্রে ইউজিসি'র ইকুইভ্যালেন্স কমিটি কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের মূলকপি মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে।

৯। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ/ভুল তথ্য সম্বলিত আবেদন বাতিল বলে গণ্য হবে।

১০। নিয়োগের বিষয়ে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

১১। লিখিত ও মৌখিক পরীক্ষা/সাক্ষাৎকার-এ অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১২। কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ এ নিয়োগের আংশিক/সম্পূর্ণ পরিবর্তন/বাতিল এবং পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধির অধিকার সংরক্ষণ করে। এ নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৩। নিয়োগ লাভের পর প্রার্থীর প্রদত্ত কোন তথ্য মিথ্যা প্রমাণিত হলে নিয়োগ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৪। নিয়োগ সম্পর্কিত যে কোন তথ্যাদি বিজ্ঞপ্তির মাধ্যমে বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড (বিজিএফসিএল) এর ওয়েবসাইট www.bgfcl.org.bd -এ প্রকাশ করা হবে।

29/9/2020
এ টি এম শাহ্ আলম
মহাব্যবস্থাপক (প্রশাসন)

"গ্যাস জাতীয় সম্পদ। এর অপচয় রোধ করে জাতীয় দায়িত্ব পালন করুন।"

বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানি লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
Bangladesh Gas Fields Company Ltd.
(A Company of Petrobangla)

মুজিব শতবর্ষ MUJIB 100

সূত্র নং: ২৮.১০.১২১৩.০৬৩.০৫.০০২.২০/০১

তারিখঃ ২৮ সেপ্টেম্বর, ২০২০

নিয়োগ বিজ্ঞপ্তির সংশোধন

বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড (বিজিএফসিএল) এর শূণ্যপদে জনবল নিয়োগের লক্ষ্যে নিয়োগ বিজ্ঞপ্তি সূত্র নং: ২৮.১০.১২১৩.০৬৩.০৫.০০২.২০ তারিখ ২৭ জুলাই ২০২০, কোম্পানির ওয়েবসাইটে প্রকাশিত হয়। এছাড়াও ০৫/০৮/২০২০ ও ০৬/০৮/২০২০ তারিখে "দৈনিক সমকাল", "দৈনিক ইত্তেফাক", "The Financial Express" পত্রিকায় এবং ০৬/০৮/২০২০ ও ০৭/০৮/২০২০ তারিখে "দৈনিক বাংলাদেশ প্রতিদিন" ও "দৈনিক ব্রাহ্মণবাড়িয়া" পত্রিকায় যথানিয়মে প্রকাশিত হয়। কোভিড-১৯ পরিস্থিতির কারণে উক্ত নিয়োগ বিজ্ঞপ্তির ক্রমিক নং ১ (ক-২) ও ৪ নিম্নোক্তভাবে সংশোধন করা হলো:

১ (ক-২)। অনলাইনে আবেদনের শেষ তারিখ **২৭.১০.২০২০** তারিখ বিকাল ৫.০০ ঘটিকা।

৪। প্রার্থীর বয়সসীমা **২৫.০৩.২০২০** তারিখে সর্বোচ্চ ৩০ বছর এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা, প্রতিবন্ধী প্রার্থী এবং মেডিকেল অফিসার পদের প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩২ বছর হবে। বয়স প্রমানের ক্ষেত্রে স্বীকৃত শিক্ষাবোর্ড কর্তৃক প্রদত্ত এসএসসি/সমমান সনদ এ উল্লিখিত জন্ম তারিখ হিসাবে গণ্য হবে, কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

নিয়োগ বিজ্ঞপ্তির অন্যান্য বিষয় ও শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

28/09/2020
এ টি এম শাহ্ আলম
মহাব্যবস্থাপক (প্রশাসন)

Head Office : Birashar, Brahmanbaria-3400, Bangladesh, **Tel : PABX :** 88-0851-58141, 58428 & 59128, **Fax :** 88-0851-59390
Liaison Office : Petrocentre (14th Floor), 3 Kawran Bazar C/A, Dhaka-1215, **Tel :** 88-02-8189508, **Fax :** 88-02-8189507
Website : www.bgfcl.org.bd, **E-mail :** md@bgfcl.org.bd & mdbgfcl@yahoo.com